



ঝালকাঠি পল্লী বিদ্যুৎ সমিতি
JHALOKATHI PALLI BIDYUT SAMITY

সদর দপ্তর
প্রতাপ, ঝালকাঠি।
Email: jhalpbs@gmail.com;
website: pbs.jhalakathi.gov.bd



স্মারক নং-২৭.১২.৪২৭৩.১৬৬.০২.০০৮.২৬. ২৩৭৭

তারিখঃ

২৬ আশ্বিন, ১৪৩৩ বঃ

১১ অক্টোবর, ২০২৬ খ্রিঃ

“আইন উপদেষ্টা (চুক্তিভিত্তিক) পদে নিয়োগ বিজ্ঞপ্তি”

ঝালকাঠি পল্লী বিদ্যুৎ সমিতি- এর মামলা মোকদ্দমা পরিচালনা, আইনগত পরামর্শ ও আইনী সহায়তা গ্রহণের জন্য নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে চুক্তিভিত্তিক ০১ (এক) জন আইন উপদেষ্টা নিয়োগের লক্ষ্যে আগ্রহী প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

শর্তাবলী:

- ০১। আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।
- ০২। যারা জেলা ও দায়রা জজ আদালত এবং উপজেলা আদালতসহ সম পর্যায়ের আদালতে কমপক্ষে ০৮ (আট) বছর যাবত আইন পেশায় নিয়োজিত আছেন এবং অবসরপ্রাপ্ত জুডিশিয়াল জজ যারা আইন পেশায় জেলা পর্যায়ে (শুধুমাত্র ঝালকাঠি জেলা) এবং ঝালকাঠি পল্লী বিদ্যুৎ সমিতি-এর আওতাধীন উপজেলাসমূহে (ঝালকাঠি সদর, নলছিটি, রাজাপুর, কাঠালিয়া) নিয়োজিত আছেন কেবলমাত্র তারাই আবেদন করতে পারবেন।
- ০৩। আলোচ্য পদে নির্বাচিত আইনজীবীকে ০৩ (তিন) বছরের জন্য চুক্তিভিত্তিক নিয়োগ করা হবে।
- ০৪। রিটাইনার ফি হিসেবে প্রতিমাসে ৫,০০০.০০ (পাঁচ হাজার) টাকাসহ নিম্ন আদালত, হাইকোর্ট, সুপ্রীম কোর্টে মামলা পরিচালনার জন্য পবিস নির্দেশিকা ৩০০-৫০ অনুযায়ী নির্ধারিত হারে ফি প্রদান করা হবে।
- ০৫। অন্য কোনো পল্লী বিদ্যুৎ সমিতি-তে আইন উপদেষ্টা হিসেবে নিয়োজিত আইনজীবীগণ আবেদন করতে পারবেন না।
- ০৬। নিয়োগ প্রাপ্তির পর চুক্তিকালীন উভয় পক্ষ কমপক্ষে ০১ (এক) মাসের অগ্রীম নোটিশের মাধ্যমে চুক্তি বাতিল করতে পারবেন।
- ০৭। আগ্রহী প্রার্থীগণকে নিম্নবর্ণিত তথ্যাদি ও কাগজপত্রাদিসহ সাদা কাগজে আবেদন করতে হবে:
 - (ক) ১। আবেদনকারীর নাম (স্পষ্টাক্ষরে) ২। পিতার নাম ৩। মাতার নাম ৪। স্বামীর নাম (প্রযোজ্য ক্ষেত্রে) ৫। জন্ম তারিখ ৬। শিক্ষাগত যোগ্যতা
 - (খ) বর্তমান ঠিকানা
 - (গ) স্থায়ী ঠিকানা
 - (ঘ) আইনজীবী হিসেবে বার কাউন্সিলে এনরোলমেন্ট এর তারিখ।
 - (ঙ) আইন পেশায় নিয়োজিত কাল ১। সহকারী জজ/উপজেলা জজ আদালত ২। জেলা ও দায়রা জজ আদালত ৩। হাইকোর্ট ডিভিশন/সুপ্রীম কোর্ট এর এ্যাপিলেট ডিভিশন।
 - (চ) আইন উপদেষ্টা পদে পূর্ব অভিজ্ঞতা।
 - (ছ) সরকারী/আধা সরকারী/স্বায়ত্তশাসিত অথবা অন্যান্য প্রতিষ্ঠানে বর্তমানে আইন উপদেষ্টা হিসেবে নিয়োজিত থাকলে তার বিস্তারিত বিবরণ।
 - (জ) বার কাউন্সিলের এনরোলমেন্ট সার্টিফিকেট ও অন্যান্য সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, নাগরিকত্ব সনদ এবং জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি ও সাম্প্রতিক তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- ০৮। বর্ণিত শর্তাবলী ছাড়া অন্য যে কোন বিষয়ে ঝালকাঠি পল্লী বিদ্যুৎ সমিতি এর কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

উল্লিখিত যোগ্যতাসম্পন্ন ও শর্ত প্রতিপালনে ইচ্ছুক আগ্রহী আইনজীবীগণকে **আগামী ০১/১১/২০২৬খ্রি.** তারিখের মধ্যে সরাসরি বা ডাকযোগে নিম্নস্বাক্ষরকারী বরাবর অফিস চলাকালীন সময়ের মধ্যে আবেদনপত্র প্রেরণের জন্য অনুরোধ করা হলো। অসম্পূর্ণ বা নির্ধারিত তারিখের পর কোনও আবেদন বিবেচনা করা হবে না।

স্বাক্ষর

(মোঃ জুলফিকার রহমান)
সিনিয়র জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে) (নোটিশ বোর্ডে প্রচারের অনুরোধসহ)

- ০১। জেলা ও দায়রা জজ, ঝালকাঠি।
- ০২। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।

- ০৩। জেলা প্রশাসক, ঝালকাঠি।
০৪। পুলিশ সুপার, ঝালকাঠি।
০৫। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (দঃ অঃ)/ পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৬। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বরিশাল জোন, বাপবিবো, বরিশাল।
০৭। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার..... পবিস-১/২/৩/৪।
০৮। উপজেলা নির্বাহী কর্মকর্তা, ঝালকাঠি/রাজাপুর/কাঠালিয়া/নলছিটি উপজেলা, ঝালকাঠি।
০৯। সভাপতি, জেলা আইনজীবী সমিতি/প্রেসক্লাব, ঝালকাঠি।
১০। ডিজিএম, সদর-কারিগরী/রাজাপুর জোনাল অফিস, ঝালকাঠি পবিস।
১১। এজিএম, নলছিটি/কাঠালিয়া সাব-জোনাল অফিস, ঝালকাঠি পবিস।
১২। এজিএম, অর্থ/এমএস/ওএন্ডএম/ইএন্ডসি, ঝালকাঠি পবিস।
১৩। এজিএম, আইটি, ঝালকাঠি পবিস (ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য)।
১৪। নোটিশ বোর্ড, ঝালকাঠি পবিস।


(মোঃ জুলাফিকার রহমান)
সিনিয়র জেনারেল ম্যানেজার